রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

রাকাব-এর প্রতিশ্রুতি, শূন্যের কোঠায় দুর্নীতি।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০১৭০৮-৮০৬০১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

শানিবি সার্কুলার নং-০৬/২০১৮ তারিখ: ২৫.০৩.২০১৮

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) প্রসংগে।

রাকাব,পরিচালনা পর্ষদের ৩৭৪তম সভার (৩১.০১.২০১২ তারিখে অনুষ্ঠিত) অনুমোদন মোতাবেক গত ০৬.০২.২০১২ তারিখের শানিবি সার্কুলার নম্বর ০২/২০১২ এর মাধ্যমে রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) চালু করা হয়। চালুর সময় এ স্কীমটি ছিল ০৫ বছর মেয়াদী এবং সুদের হার ১২%। পরবর্তীতে এ স্কীমের মেয়াদকাল ০৫ বছর ঠিক রেখে শুধুমাত্র সুদ হার পরিবর্তন করে ৭% করা হয়। ব্যাংকিং ব্যবসায় সুদ হারের নিম্নগতির কারণে পর্ষদের ৪৪৫তম সভার (১৬.১০.২০১৬ তারিখে অনুষ্ঠিত) অনুমোদন মোতাবেক গত ৩১.১০.২০১৬ তারিখের শানিবি সার্কুলার নম্বর ০৬/২০১৬ এর মাধ্যমে স্কীমটি বন্ধ করা হয়।

০২। রাকাবের বর্তমান তারল্য সংকট দূরীকরণ, আর্থিক অবস্থা সুসংহত ও আমানত সংগ্রহ জোরদারকরণের লক্ষ্যে 'রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)' নামের আমানত স্কীমটি পুনরায় চালুকরণের প্রস্তাব গত ২৭.০২.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৭২তম সভায় অনুমোদিত হয়। স্কীমটির রূপরেখা নিম্নরূপ:

(১) স্কীমের নাম : রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)
(২) স্কীমের মেয়াদকাল : ০৩ (তিন) বছর
(৩) এককালীন আমানতের পরিমাণ : সর্বনিম্ন ৫০,০০০/- টাকা বা গুণিতক
(৪) মুনাফার হার : বার্ষিক ৯% (সরল সুদ)

(৫) মুনাফা প্রদান :
ক) মাসিক ভিত্তিতে মুনাফা সংশ্লিষ্ট হিসাবধারীর শাখায় রক্ষিত সঞ্চয়ী হিসাবে প্রদান করতে হবে।
খ) হিসাবধারীর ঐ শাখায় সঞ্চয়ী হিসাব না থাকলে নতুন সঞ্চয়ী হিসাব খুলতে হবে।
গ) প্রতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকায় মাসিক মুনাফার পরিমাণ হবে ৩৭৫/- (তিন শত পঁচাত্তর) টাকা।
ঘ) সরকারী নিয়মানুসারে উৎসে কর ও আবগারী শুল্ক আমানতকারীর হিসাব হতে প্রযোজ্য হারে কর্তনযোগ্য হবে।

(৬) হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী :
ক) ১৮(আঠার) বছর কিংবা তদূর্ধ্ব সুস্থ মস্তিষ্কসম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ অথবা যৌথ নামে এ স্কীমের আওতায় হিসাব খুলতে পারবেন।
খ) ব্যাংকের নির্ধারিত অভিন্ন হিসাব খোলার ফরমে (Uniform Account Opening Form) এ স্কীমের হিসাব খোলার আবেদন করতে হবে।
গ) গঠনতন্ত্র (Bye-law), সংঘ স্মারক (Articles of Association) এবং কমিটির সিদ্ধান্তক্রমে শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামেও এ হিসাব খোলা যাবে।
ঘ) হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর সঠিক পরিচিতি, পাসপোর্ট সাইজের সত্যায়িত দুই কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, শাখায় নিয়মিত পরিচালিত হচ্ছে এমন যে কোন আমানতকারী দ্বারা কিংবা গ্রেড নির্বিশেষে শাখা ব্যবস্থাপক দ্বারা কিংবা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক হিসাব খোলার ফরমে উল্লিখিত ব্যক্তি দ্বারা সত্যায়িত করতে হবে। এছাড়া আমানতকারী তাঁর নমিনী/নমিনীগণের ছবি নিজে সত্যায়িত করবেন।
ঙ) কোনভাবেই নমিনীবিহীন হিসাব খোলা যাবে না।
চ) হিসাব খোলার সময় গ্রাহককে ব্যাংকের নির্ধারিত স্বাক্ষর কার্ডে ০৩(তিন) টি নমুনা স্বাক্ষর করতে হবে।
ছ) সংযুক্ত ছক 'ক' মোতাবেক স্কীমের নিয়মাবলী হিসাবধারী যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন মর্মে একটি ঘোষণাপত্র দাখিল করতে হবে।
জ) বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদের মাধ্যমে এ হিসাব খুলতে হবে। তবে রশিদের গায়ে 'রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)' হিসাব এবং সুদ হার সুস্পষ্টভাবে সীলমোহরকৃত হতে হবে।

চলমান পাতা-০২

(৭) নমিনী মনোনয়ন :

ক) আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে হিসাবের নমিনী মনোনীত করতে পারবেন। নমিনীর সংখ্যা একাধিক হলে প্রত্যেক নমিনীর অংশ তিনি নির্ধারণ করবেন। অপ্রাপ্ত বয়স্ককেও নমিনী করা যাবে।

খ) আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনী/নমিনীগণের মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে নতুনভাবে আবেদনের মাধ্যমে নমিনী নিযুক্ত করতে হবে। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী/নমিনীগণ হিসাবের অর্থ প্রাপ্য হবেন।

গ) নমিনীকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে :

- নমিনী/নমিনীগণের অথবা মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদন পত্র।
- আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- নমিনী/নমিনীগণের অথবা মনোনীত অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক (নমিনী নমিনীগণের নাবালকসহ) সনাক্তকরণ পত্র।
- নমিনী/নমিনীগণ অথবা মনোনীত অভিভাবক (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক যৌথভাবে ব্যাংকের অনুকূলে সম্পাদিত ও প্রযোজ্য মূল্যের ইনডেমনিটি বন্ড।

(৮) নবায়ন :

ক) হিসাব মেয়াদান্তে পরবর্তী একই মেয়াদের জন্য আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে উক্ত আমানত হিসাব নবায়ন করতে পারবেন (স্কীম চালু থাকা সাপেক্ষে)।

খ) যদি হিসাবধারী মেয়াদপূর্তিতে শাখায় যোগাযোগ না করেন তবে মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে আমানতটি পরবর্তী একই মেয়াদের জন্য নবায়নযোগ্য হিসেবে গণ্য হবে (স্কীম চালু থাকা সাপেক্ষে)

(৯) মেয়াদ উত্তীর্ণের পূর্বে হিসাব বন্ধকরণ/নগদায়ন:

ক) হিসাবধারী লিখিত আবেদনের মাধ্যমে এ আমানত হিসাব বন্ধ/নগদায়ন করতে পারবেন।

খ) হিসাব খোলার ০৬ (ছয়) মাসের মধ্যে নগদায়ন/বন্ধ করা হলে হিসাবধারী কেবলমাত্র জমাকৃত মূল অর্থ হতে মাসিক ভিত্তিতে উত্তোলনকৃত অর্থ বাদ দিয়ে অবশিষ্ট টাকা ফেরত পাবেন।

গ) হিসাব খোলার ০৬ (ছয়) মাস পর কিন্তু মেয়াদপূর্তির পূর্বে হিসাবটি বন্ধ করা হলে প্রচলিত সঞ্চয়ী আমানতের সুদ হারে অর্থ প্রদানযোগ্য হবে। এ ক্ষেত্রে মাসিক হিসাবে উত্তোলনকৃত অর্থ বাদ দিয়ে ফেরতযোগ্য অর্থের হিসাবায়ন করতে হবে।

ঘ) মেয়াদপূর্তির পূর্বে হিসাবধারী মৃত্যুবরণ করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি চালু থাকবে। মেয়াদপূর্তি শেষে নমিনী হিসাবের টাকা প্রাপ্য হবেন। নমিনী নাবালক হলে নমিনীর অভিভাবক হিসাবের টাকা প্রাপ্য হবেন।

ঙ) মেয়াদপূর্তির পূর্বে আমানতের বিপরীতে ঋণ রেখে যদি হিসাবধারী মৃত্যুবরণ করেন, সেক্ষেত্রে মেয়াদপূর্তি পর্যন্ত আমানতের হার (অর্থাৎ ৯%) অনুযায়ীই হিসাবের উপর লভ্যাংশ প্রদেয় হবে এবং ঋণের ক্ষেত্রে নির্ধারিত হারে সুদ আরোপপূর্বক ঋণ সমন্বয় করে অবশিষ্ট টাকা নমিনী/অভিভাবককে প্রদান করতে হবে।

চ) যদি হিসাবধারী এবং নমিনী উভয়েই হিসাবপূর্তির পূর্বে মৃত্যুবরণ করেন সেক্ষেত্রে মেয়াদপূর্তি শেষে হিসাবধারীর উত্তরাধীকারী/উত্তরাধীকারীগণ অংশ মোতাবেক হিসাবধারীর ঋণ বকেয়া থাকলে ২(৯) নং অনুচ্ছেদের 'ঙ' ক্রমিক অনুযায়ী এবং ঋণ না থাকলে ২(৯) অনুচ্ছেদের 'ঘ' ক্রমিক অনুযায়ী হিসাবের টাকা প্রাপ্য হবেন।

ছ) সরকারী নিয়মানুসারে উৎসে কর ও আবগারী শুল্ক আমানতকারীর হিসাব হতে প্রযোজ্য হারে কর্তনযোগ্য হবে।

(১০) হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

হিসাবধারী প্রয়োজনে নিজ হিসাবের স্থিতি লিয়েনপূর্বক ঋণ গ্রহণ করতে পারবেন। এ ক্ষেত্রে -

(ক)	ঋণসীমা	:	হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০ শতাংশ পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।
(খ)	ঋণের সময়কাল	:	১২ (বার) মাস, তবে সংশ্লিষ্ট হিসাবের মেয়াদের মধ্যে নবায়নযোগ্য।
(গ)	ঋণ বিতরণ পদ্ধতি	:	এককালীন/SOD হিসেবে ঋণ প্রদান করা যাবে। এককালীন/SOD উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট ঋণের নিয়মাচার পরিপালন পূর্বক ঋণ প্রদান করা যাবে।
(ঘ)	মঞ্জুরীর ক্ষমতা	:	শাখা ব্যবস্থাপক (পদবী নির্বিশেষে)।
(ঙ)	সুদের হার	:	হিসাবের সুদ হারের ৩% উর্ধ্বে; ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপযোগ্য।
(চ)	পরিশোধ পদ্ধতি	:	ঋণের মেয়াদের মধ্যে কিস্তিতে কিংবা এককালীন পরিশোধযোগ্য। আমানতের উপর প্রদেয় মাসিক সুদ হিসাবধারীর সঞ্চয়ী হিসাবে জমা না করে হিসাবধারীর ঋণ হিসাবে জমা করতে হবে।
(ছ)	দলিল পত্রাদি	:	

এককালীন ঋণ প্রদানের ক্ষেত্রে	SOD ঋণ প্রদানের ক্ষেত্রে
■ ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)।	■ ডিমান্ড প্রমিসরি নোট (ডিপি নোট)।
■ লেটার অব লিয়েন কাম অথরিটি।	■ লেটার অব লিয়েন কাম অথরিটি।
■ আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র।	■ আমানত হিসাবের স্থিতি লিয়েন সম্পর্কিত প্রতিশ্রুতি পত্র।
■ আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।	■ লেটার অব কন্টিনিউটি।
	■ রিভাইভাল লেটার।
	■ আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।

(১১) অন্যান্য শর্তাবলী:

ক) ইংরেজী মাসের যে কোন কর্মদিবসে এ হিসাব খোলা যাবে।

খ) আমানতকারীর টাকা জমাদানের তারিখ হতে ০১(এক) মাস হিসাব করে মাসিক মুনাফার টাকা হিসাবধারীর সঞ্চয়ী/চলতি হিসাবে প্রদেয় হবে। এ সংক্রান্ত একটি রেজিস্টার শাখায় সংরক্ষণ করতে হবে।

গ) ০৩(তিন) বছর পূর্ণ মেয়াদান্তে অর্থাৎ হিসাবটি যে তারিখে খোলা হবে মেয়াদান্তে সে তারিখের পরবর্তী কর্মদিবসে হিসাবধারীর আবেদনের প্রেক্ষিতে হিসাবের টাকা প্রদানযোগ্য হবে।

ঘ) সরকারী নিয়মানুযায়ী হিসাবের সুদের উপর প্রদেয় নির্ধারিত হারে উৎসে কর ও আবগারী শুল্ক কর্তনযোগ্য হবে। তবে প্রতি মাসের মুনাফা সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে স্থানান্তরজনিত কারণে ব্যাংক কর্তৃক কোন চার্জ বা অন্য কোন সার্ভিস চার্জ প্রযোজ্য হবে না।

ঙ) শাখাসমূহে প্রচলিত স্থায়ী আমানতের জন্য ব্যবহৃত রশিদ, লেজার, স্বাক্ষর কার্ড ও জমা স্লিপ (পে-ইন-স্লিপ) এ স্কীম পরিচালনার ক্ষেত্রে ব্যবহৃত হবে। তবে সংশ্লিষ্ট রশিদ, লেজার, স্বাক্ষর কার্ড ও জমা স্লিপ (পে-ইন-স্লিপ) এ 'রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)' সীল ব্যবহার করতে হবে।

চ) ইতোপূর্বে 'রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)' এর জন্য নির্ধারিত GL-হেড, সুদের সাব হেড এবং computer code বহাল থাকবে।

ছ) এ স্কীমের আওতায় অনতিবিলম্বে হিসাব খোলার কাজ আরম্ভ করতে হবে।

জ) এ স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত যে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন ব্যাংকের সম্পূর্ণ এখতিয়ারভুক্ত।

ঝ) প্রচলিত স্থায়ী আমানত হিসাবের ন্যায় আলাদাভাবে নিয়মিত ব্যালেন্সিং করতে হবে।

০৩। প্রচারণার নিমিত্ত শাখাসমূহের উপযুক্ত স্থানে পোস্টার প্রদর্শন ও ব্যানার স্থাপনের মাধ্যমে এ স্কীমের আওতায় হিসাব খোলার জন্য জনসাধারণকে আকৃষ্ট ও উদ্বুদ্ধকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৪। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৫.০৩.২০১৮

(অসিত কুমার সরকার)
উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-৮(৪৯)/২০১৭-২০১৮/১০২২(৩৯৭)/৫৪ তারিখ: ২৫.০৩.২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। মহাব্যবস্থাপক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। প্রকল্প পরিচালক, এসইসিপি-সিপিও, রাজশাহী।
১২। অফিস নথি/মহানথি।

২৫.০৩.২০১৮

(শামীমা ফেরদৌস শিমুল)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের "রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)" পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদপূর্তির পর বা মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তা মানতে বাধ্য থাকব।

হিসাবধারীর স্বাক্ষর ---
হিসাবধারীর নাম --
রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) হিসাব নম্বর ------------------------
হিসাব খোলার তারিখ ---

স্বাক্ষর ও সীল
শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা

নিয়মাবলী মেনে চলার বিষয়ে অঙ্গীকারনামা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের "রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)" পরিচালনার নিয়মাবলী সম্পর্কে অবগত হয়ে অঙ্গীকার করছি যে, আমি উক্ত স্কীমের নিয়মাবলী মেনে চলব এবং মেয়াদপূর্তির পর বা মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক যে সিদ্ধান্ত প্রদান করা হবে তা মানতে বাধ্য থাকব।

হিসাবধারীর স্বাক্ষর ---
হিসাবধারীর নাম --
রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) হিসাব নম্বর ------------------------
হিসাব খোলার তারিখ ---

স্বাক্ষর ও সীল
শাখা প্রধান/অনুমোদিত কর্মকর্তা